



এফটিএমবি (ফিমেল টু মেল ব্রাইটন)
এফটিএমবি ট্রান্সজেন্ডার (যাদের বর্তমান
লিঙ্গ জন্মের সময় থেকে ভিন্ন) পুরুষদের
জন্য, যাদের নিজেদের জন্মগত লিঙ্গ নিয়ে
প্রশ্ন আছে তাদের জন্য একটি গ্রুপ। তারা

সামাজিক মেলামেশার জায়গা, সহায়তা, পরামর্শ এবং স্থানীয়ভাবে
এফটিএমবদের জন্য বিভিন্ন অনুষ্ঠান পরিচালনা করে থাকেন।

ftmbrighton.org.uk

ftmbrighton@gmail.com

দি ক্লেয়ার প্রজেক্ট



দি ক্লেয়ার প্রজেক্ট একটি স্বনির্ভর সংস্থা যেটা নিজেদের লিঙ্গ পরিচিতি
বিষয়ক কোন ব্যাপার নিয়ে কথা বলতে চান এমন সবার জন্য উন্মুক্ত।
সহায়তার উদ্দেশ্যে অন্যদের সাথে সাক্ষাত করার জন্য সাপ্তাহিক ড্রপ-
ইন, সহযোগীদের সাথে মানসিক স্বাস্থ্য সেবা এবং কম খরচে
সাইকথেরাপির সুবিধা আছে।

www.clareproject.org.uk

clareprojectinfo@gmail.com

সমকামী/এলজিবিটি পুলিশ টিম

যখন কাউকে সমকামী মনে করে তাদের প্রতি খারাপ আচরণ
করা হয় তখন এটাকে এলজিবিটি হেইট ক্রাইম বলা হয়।

আপনি যদি এলজিবিটি হেইট ক্রাইমের শিকার হন তাহলে
আপনি এলজিবিটি পুলিশ টিমের কাছ থেকে সহায়তা পেতে
পারেন। আপনি বা অন্য কেউ বিপদে বা ঝুঁকিতে থাকলে ৯৯৯
এ ফোন করুন। জরুরী নয় এমন দরকারে ১০১ এ ফোন করুন
অথবা বা ইমেল করুন এই ঠিকানাঃ

LGBT@sussex.pnn.police.uk



এলজিবিটি ডমেস্টিক ভায়োলেন্স ও এবিউজ (সমকামীদের
উপর পরিবারের মানুষের নির্যাতন) সাপোর্ট সার্ভিস
ব্রাইটন এন্ড হোভে যেসকল সমকামী মানুষ তাদের সঙ্গী,
প্রাক্তন সঙ্গী বা পরিবারের সদস্যদের দ্বারা নির্যাতনের স্বীকার
তাদেরকে রাইজ এর বিশেষজ্ঞ সেবা রয়েছে। গোপনীয়তার
সাথে সেবা ও পরামর্শ পেতে রাইজ এর এলজিবিটি সার্ভিসের
সাথে যোগাযোগ করুন।

lgbt@riseuk.org.uk

০১২৭৩ ৬২২৮২২ বা ০৭৫৮১ ৪৬৬৪৩৮

এই তথ্যগুলো প্রস্তুত করেছেন সমকামী বা এলজিবিটি হেলথ
এন্ড ইনক্লুশন প্রজেক্ট



NHS
Brighton and Hove
Clinical Commissioning Group

ব্রাইটন এন্ড হোভে
সমকামীদের জন্য
সহায়তা



এলজিবিটি মানে কি?

এলজিবিটি মানে হল গে, লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল এবং ট্রান্সজেন্ডার। এই শব্দগুলো তাদের যৌন অভ্যাস বা যৌন পরিচিতি বর্ণনা করে।

লেসবিয়ান

একজন লেসবিয়ান মহিলা শারিরিক, মানসিক ও যৌন ভাবে মহিলাদের প্রতি আকৃষ্ট থাকেন।

গে

একজন গে পুরুষ শারিরিক, মানসিক ও যৌন ভাবে অন্য পুরুষদের প্রতি আকৃষ্ট থাকেন।

বাইসেক্সুয়াল

একজন বাইসেক্সুয়াল মানুষ শারিরিক, মানসিক ও যৌন ভাবে পুরুষ ও মহিলা উভয়ের প্রতি আকৃষ্ট থাকেন।

ট্রান্সজেন্ডার বা ট্রান্স

এটি একটি শব্দ যার আওতায় এমন সব মানুষ পড়েন যাদের লিঙ্গ তাদের জন্মসূত্রে প্রাপ্ত লিঙ্গ থেকে ভিন্ন।

স্থানীয় সেবাসমূহ

আপনি এলজিবিটি হলে বা আপনার যৌন অভ্যাস বা পরিচিতি সম্পর্কে প্রশ্ন থাকলে আপনি আপনার পরিবার পরিজন, বন্ধুবান্ধবকে বলার ব্যাপারে, মানসিক ভাল থাকা বিষয়ে, যৌন স্বাস্থ্য, বৈষম্য বা কোন অপরাধ রিপোর্ট করার ব্যাপারে বিনামূল্যে সাহায্য পাবেন। এই শহরের অন্যান্য এলজিবিটি মানুষের সাথে সাক্ষাতের সুযোগ সুবিধা রয়েছে।

এই তথ্যপত্রে শহরের কিছু গুরুত্বপূর্ণ সাহায্য সংস্থার বিবরণ দেয়া আছে। তবে স্থানীয়ভাবে আরও অনেক কমিউনিটি গ্রুপ রয়েছে এবং নিচের সংস্থাগুলো আপনার প্রয়োজন ও চাহিদামাফিক সংগঠনের সাথে আপনার যোগাযোগ করিয়ে দিতে সহায়তা করবে।



ব্রাইটন এন্ড হোভ এলজিবিটি সুইচবোর্ড

দি এলজিবিটি সুইচবোর্ড ব্রাইটন এন্ড হোভের এলজিবিটিদের কথা শুনে, তাদেরকে তথ্য ও সেবা প্রদান করে সেবাসমূহের মধ্যে রয়েছে হেল্পলাইন,

ইমেইল এবং ওয়েব চ্যাট সার্ভিস এবং সরাসরি কাউন্সিলিং। সুইচবোর্ড বয়স্ক এলজিবিটিদের জন্য সেবা এবং এলজিবিটি হেলথ এন্ড ইনক্লুশন কার্যক্রম পরিচালনা করে।

www.switchboard.org.uk

০১২৭৩ ২০৪০৫০ (বিকাল ৫টা থেকে)



মাইন্ডআউট এলজিবিটি মানসিক স্বাস্থ্য সেবা
মাইন্ডআউট এলজিবিটি মানুষদের দ্বারা পরিচালিত একটি মানসিক স্বাস্থ্য সেবা সংস্থা যেখানে মানসিক স্বাস্থ্য সমস্যা

আছে এমন এলজিবিটিদের সহায়তা দেয়া হয়। তারা পরামর্শ ও তথ্য, এডভোকেসি, পিয়ার (সহযোগী) সাপোর্ট গ্রুপ ওয়ার্ক, পিয়ার মেন্টরিং ওয়েলবিয়িং কার্যক্রম, বিভিন্ন অনুষ্ঠান, একটি খাদ্য ও এলটমেন্ট প্রজেক্ট এবং একটি আউট অব আওয়ারস তাৎক্ষণিক অনলাইন চ্যাট সার্ভিস প্রদান করে থাকেন।

www.mindout.org.uk

০১২৭৩ ২৩৪৮৩৯



অল সর্টস ইয়োগথ প্রজেক্ট

অল সর্টস একটি প্রজেক্ট যা ২৬

বছরের কম বয়সী এলজিবিটি বা

নিজের লিঙ্গ এবং/বা যৌন অভ্যাস সম্পর্কে নিশ্চিত নয় এমন তরুন তরুনীদের সহায়তা এবং আত্মবিশ্বাস দিয়ে থাকে। তারা দলগত কাজ, অভিভাবক গ্রুপ এবং ভলান্টিয়ার হবার সুবিধা দিয়ে থাকে।

www.allsortsyouth.org.uk

০১২৭৩ ৭২১২১১